

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পানি সম্পদ মন্ত্রণালয়

প্রশাসন-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২০২০-২০২১ অর্থবছরের 'শুদ্ধাচার', 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)', এবং বার্ষিক উদ্ভাবনী উদ্যোগ (ইনোভেশন), পুরস্কার প্রদানের লক্ষ্যে উপযুক্ত কর্মকর্তা/কর্মচারী নির্বাচন বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১৫ জুন, ২০২১ খ্রিস্টাব্দ।
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা।
স্থান	পানি ভবনের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি শুরুতেই সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পুরস্কার প্রদানের লক্ষ্যে গঠিত কমিটির সদস্য-সচিব উপসচিব, জনাব এস, এম, সরওয়ার কামাল-কে উপযুক্ত কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের বিষয়ে সভায় উপস্থাপন করতে বলেন। তিনি জাতীয় শুদ্ধাচার নীতিমালা ২০১৭ অনুসারে পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ, মূল্যায়ন পদ্ধতি এবং পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণের বিষয়সমূহ তুলে ধরেন। অতঃপর মন্ত্রণালয়ের ০১-১০ম গ্রেডভুক্ত কর্মকর্তাগণের মধ্য হতে ১ জন, ১১-২০তম গ্রেডের কর্মচারীগণের মধ্য হতে ১ জন এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের মধ্য হতে শ্রেষ্ঠ কর্মকর্তা নির্বাচনের বিষয়ে আলোচনা হয়। এছাড়াও এ বছর 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)' ২০২০-২০২১ অনুসারে এপিএ-তে ১ (এক) জনকে পুরস্কার প্রদান এবং 'বার্ষিক উদ্ভাবনী উদ্যোগ (ইনোভেশন)', বিষয়ে ৩(তিন) জনকে পুরস্কার প্রদানের নিমিত্ত কর্মকর্তা নির্বাচনের বিষয়েও আলোচনা করা হয়।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে পুরস্কার প্রদান বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) জাতীয় শুদ্ধাচার নীতিমালা ২০১৭ অনুসারে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার হিসেবে তাঁদের ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ, সার্টিফিকেট এবং ফ্রেস্ট প্রদান করতে হবে।

ক্রমিক	কর্মকর্তা/কর্মচারীগণের নাম ও পদবী	কার্যালয়ের ঠিকানা	ক্ষেত্র
০১.	জনাব মোঃ আলিম উদ্দিন, যুগ্মসচিব ও মহাপরিচালক	নদী গবেষণা ইনস্টিটিউট	সংস্থা প্রধানগণ
০২.	জনাব নাজমুল ইসলাম ডুইয়া, উপসচিব (উন্নয়ন-৩)	পানি সম্পদ মন্ত্রণালয়	০১-১০তম গ্রেডভুক্ত কর্মকর্তা
০৩.	জনাব সাইফুল ইসলাম, অফিস সহায়ক	পানি সম্পদ মন্ত্রণালয়	১১-২০তম গ্রেডভুক্ত কর্মচারী

(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২০-২০২১ অনুযায়ী জনাব এস.এম. সাদিক তানভীর, সিনিয়র সহকারী সচিব (সিনিয়র সচিবের একান্ত সচিব) পানি সম্পদ মন্ত্রণালয়কে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)' পুরস্কার হিসেবে সার্টিফিকেট, ফ্রেস্ট এবং বই প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) 'বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর কার্যক্রম ৯.১ অনুসারে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে 'বার্ষিক উদ্ভাবনী উদ্যোগ (ইনোভেশন)' বিষয়ে পুরস্কার হিসেবে সার্টিফিকেট, ফ্রেস্ট এবং বই প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ক্রমিক	কর্মকর্তা/কর্মচারীগণের নাম ও পদবী	কার্যালয়ের ঠিকানা
০১.	জনাব মুশফিকুর রহমান, সিস্টেম এনালিস্ট	ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস ব্রাঞ্চ ও প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
০২.	জনাব মুহাম্মদ শহিদ শিকদার, প্রোগ্রামার	কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
০৩.	জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম, উপসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ)	পানি সম্পদ মন্ত্রণালয়

(ঘ) নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীগণকে পানি সম্পদ মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বাজেটের পুরস্কার উপখাতে বরাদ্দকৃত (কোড-৩২১১১০১) হতে পুরস্কার হিসেবে সম্মানী, সার্টিফিকেট, ফ্রেস্ট এবং বই প্রদান করা হবে।

৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কবির বিন আনোয়ার  
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.৯৯.০৭৭.১৭.২৪১

তারিখ: ২ আষাঢ়. ১৪২৮

১৬ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৫) যুগ্মসচিব, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৭) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়



এস. এম. সরওয়ার কামাল  
উপসচিব